আমি রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে হঠাৎ দৃষ্টি সম্পর্কে জিজ্ঞাসা করেছি। তিনি বললেন, “তুমি তোমার দৃষ্টি ফিরিয়ে নাও।”

জারীর রাদিয়াল্লাহু ‘আনহু হতে বর্ণিত, তিনি বলেন, আমি রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে (অপরিচিত নারীর প্রতি) হটাৎ দৃষ্টি সম্পর্কে জিজ্ঞাসা করি।
তিনি বলেন, “তুমি তোমার দৃষ্টিকে ফিরিয়ে নাও।” [সহীহ] [এটি মুসলিম বর্ণনা করেছেন।]

জারীর ইবন আব্দুল্লাহ রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে (অপরিচিত নারীর প্রতি) হঠাৎ দৃষ্টিপাত সম্পর্কে জিজ্ঞাসা করা হলো। আর হঠাৎ দৃষ্টিপাত হলো, কোনো ব্যক্তির সামনে দিয়ে কোনো নারী অতিক্রম করলে তার প্রতি উদ্দেশ্যহীন ভাবে হঠাৎ তাকানো। তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, “তুমি তোমার দৃষ্টিকে ফিরিয়ে নাও।” অর্থাৎ তোমার দৃষ্টি ডানে বা বামে ফিরিয়ে নাও, যাতে অপলক তাকিয়ে থাকার কারণে তোমার পাপ না হয়। শরহি রিয়াদুস সালিহীন, ইবন ‘উসাইমীন (6/363)

https://sunnah.global/hadeeth/bn/show/8902